[illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

মহিলা দলকে সুসংগঠিত করা হবে।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির (ভার্চ্যুয়ালী) বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

আজ সোমবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা মহিলা দলের সভাপতি ফরিদা পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন মেহেরপুর জেলা বিএনপির মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়ন।

উপজেলা মহিলা দলের সাধারণ সম্পাদক ও ষোলটাকা ইউনিয়ন পরিষদের সদস্য খালেদা ইয়াসমীনের সঞ্চালনয়া অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা বিএনপির সহসভাপতি ও সাবেক ভারপ্রাপ্ত গাংনী পৌরসভার মেয়র ইনসারুল হক ইন্সু।

প্রধান বক্তা জেলা মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়ন বলেন, বিগত ১৭ বছর আমরা কোন ধরনের মিটিং,মিছিল আলোচনা সভা, করতে পারেনি। ছাত্র বৈষম্যবিরোধী আন্দোলনে স্বৈরাচারী শেখ হাসিনা সরকার কে উৎখাত করে এখন আমরা প্রাণ খুলে মিছিল মিটিং করতে পারছি। প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় উপজেলা মহিলা দলের বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার জগনাথপুরে অবৈধ আলমসাধু উল্টে চালকের মৃত্যু

দামুড়হুদার জগন্নাথপুরে দুটি কুকুর বাঁচাতে গিয়ে অবৈধ আলমসাধু উল্টে চালক বাবু শাহ নিহত হয়েছেন। নিহত আলমসাধু চালক বাবু শাহ

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের রুহুল শাহর ছেলে।

আজ সোমবার দুপুর আনুমানিক সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলার জগন্নাথপুর-বোয়ালমারি সড়কের জগন্নাথপুর গ্রামে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের অবৈধ আলমসাধু চালক বাবু শাহ কাজ শেষে জগন্নাথপুর বাজার হয়ে নিজ বাড়ি ফিরছিলেন। দ্রুত গতির আলমসাধু নিয়ে বাড়ি ফেরার পথে দামুড়হুদা উপজেলার জগনাথপুর গ্রামে পৌঁছালে রাস্তার উপর দুটি কুকুর কে শুয়ে থাকতে দেখে কুকুর দুটিকে বাঁচানোর চেষ্টা করে চালক। ওই সময় আলমসাধু টি উল্টে গিয়ে চালক বাবুর মাথার উপর পড়ে। ঘটনাস্থলেই আলমসাধু চালক বাবুর মৃত্যু হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: আলমগীর কবির ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে মরদেহ থানা হেফাজতে নিয়েছে। পরবর্তীতে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

মেহেরপুরে সাবেক আমীরের বাড়িতে অগ্নিসংযোগ, লুটপাটের মামলার আসামি ২৩

মেহেরপুর জেলা জামায়াতের তৎকালীন আমীর হাজি ছমির উদ্দিনের বাড়িতে হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগের অপরাধে জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান হাজি গোলাম রসুলকে প্রধান আসামি করে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের ২৩ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। মামলায় অজ্ঞাত আসামি করা হয়েছে এক শ থেকে দেড়শ জনকে।

আজ সোমবার (৯ সেপ্টেম্বর) দুপুরে জামায়াতের সাবেক আমীর আলহাজ্ব ছমির উদ্দিনের ছেলে তাওফিকুল ইসলাম বাদী হয়ে আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন ২০০২ এর ৪(১)(২) উপধারা

(১)/৫(১) তৎসহ দণ্ডবিধি আইনের ৪৩৬ ধারায় মামলাটি দায়ের করেন।

আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন আদালতের বিচারক শারমিন নাহার মেহেরপুর সদর থানাকে মামলাটি সরাসরি এফআইআরের নির্দেশ দেন।

মামলার আসামিরা হলেন মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, বড়বাজার এলাকার যুবলীগ নেতা কাজল দত্ত, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সদর উপজেলার আমদহ গ্রামের বারিকুল ইসলাম লিজন, নীলমনি সিনেমা হলপাড়ার যুবলীগ নেতা মাহাবুব হোসেন, ১ নং ওয়ার্ডের জুয়েল হোসেন, মল্লিকপাড়া এলাকার যুবলীগ নেতা মাহফুজুর রহমান পলেন, শাহাজিপাড়ার সজল হোসেন, পন্ডেরঘাট এলাকার বায়োজিদ হোসেন, স্টেডিয়ামপাড়ার তুফান আলী, গোভীপুর গ্রামের গোলজার হোসেন, রাঁধাকান্তপুর গ্রামের জুয়েল রানা, শহরের পিয়াদাপাড়া এলাকার তৌহিদ হোসেন, চক্রপাড়ার নাসির হোসেন, গোরস্থান পাড়ার সাবেক ছাত্রলীগ নেতা আনন্দ, নতুনপাড়ার রাজীব হোসেন, বামনপাড়ার দরুদ আলী মেম্বর, বন্দর গ্রামের মোমিন আলী, একই গ্রামের আলতাব হোসেন মহুরি, রাঁধাকান্তপুর গ্রামের সাজু, একই গ্রামের সামিরুল ইসলাম, সাংস্কৃতিক কর্মী বোসপাড়ার নিসান সাবের ও লর্ড মার্কেট এলাকার আসলাম খান পিন্টু।

বাদী তার মামলার আরজিতে লিখেছে, আসামীরা ঘটনার তারিখ ও সময়ে পরিকল্পিতভাবে দেশীয় অস্ত্র বাঁশের লাঠি, কাঠের বাটাম, জিআই পাইপ, দা, শাবল, ধারালো হাঁসুয়া, ছিপদা, রামদা, পেট্রোল বোমা ও পেট্রোল সহ সহ নানা প্রকার দেশীয় অস্ত্র শস্ত্রে সজ্জিত হয়ে বে-আইনী জনতাবন্ধে আবদ্ধ হয়ে ওই তারিখে তথাকথিত আর্ন্তজাতিক অপরাধ ট্রাইবুনাল নামক কোর্টের মাধ্যমে আর্ন্তজাতিক খ্যাতিসম্পন্ন মুফাচ্ছিরে কোরআন মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর বিরুদ্ধে ফাঁসির রায় ঘোষনার পরপরই ১ ও ২ নং আসামীর নেতৃত্বে আনন্দ মিছিল ও বুনো উল্লাস সহকারে “একটা দুইটা জামাত ধর সকাল বিকাল নাস্তা কর”, “জামায়াতের আস্তানা এই বাংলায় রাখবোনা”সহ নানা প্রকার ভয়ংকর শ্লোগান দিয়ে আমাদের বাড়ির সামনে আসে। আসামীরা তাদের হাতে থাকা শাবল দিয়ে বাড়ীর নিচ তলার বড় ভাই তারিক মোঃ সাইফুল ইসলামের মালিকানাধীন “মেসার্স তাওহীদ অটো” নামক মোটর সাইকেল পার্টস ও খুচরা যন্ত্রাংশের দোকানের সামনে সার্টার ও তালা ভাংচুর করে। আসামীরা ছাড়াও অজ্ঞাত আসামীগণ দোকানের ভিতরে প্রবেশ করে সমস্ত মালামাল লুটপাট করে। তারা ক্যাশ বাকস থেকে ৮৫

হাজার টাকা চুরি করে নেই। একপর্যায়ে পেট্রোল ঢেলে গ্যাস লাইট দিয়ে দোকানে আগুন লাগিয়ে দেই।

তারা পবিত্র কোরআন শরীফেও আগুন ধরিয়ে দেয়। (যা ধর্মীয় অনুভূতিতে আঘাত করে সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টির চেষ্টা করে)। দোকানে থাকা টায়ার ও টিউব ব্যাটারীতে আগুন লাগায় আগুনের ভয়াবহ লেলিহান শিখায় দোকানের কাঠের র্যাক, শো-কেস সহ সমস্ত জিনিস পত্রাদি পুড়ে ছাই হয়ে যায়। আগুনের কারনে বিল্ডিংয়ের ছাদের ঢালাই পর্যন্ত ক্ষতিগ্রস্থ হয়, এবং ছাদের রড পর্যন্ত গলে বাঁকা হয়ে যায়। লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনায় প্রায় ৩৩ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে উল্লেখ করেন বাদী।

বাদী আরো উল্লেখ করেন, নিচের আগুনের লেলিহান শিখা ভবনটির দ্বিতীয় তলায় পৌছে গেলে সেখানে অবস্থানরত আমার মা, শতবর্ষী দাদী, দুই বছরের শিশু ভাতিজী, আমার স্ত্রী ও বোনসহ পরিবারের অন্য সদস্যরা ভীত হয়ে প্রাণ বাঁচাতে আকুতি করতে থাকে। আসামীরা আমাদের পরিবার বর্গকে হত্যার উদ্দেশ্যে দ্বিতীয় তলায় প্রবেশ পথের লোহর কেচি গেট রামদা ও দেশীয় অস্ত্র দ্বারা কোপাতে থাকে। এঘটনায় দ্বিতীয় তলায় অবস্থানরত নারী, শিশু পরিবারের সদস্যবৃন্দ মানসিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। পরবর্তীতে আসামীগণ ভয়ভীতিমূলক বিভিন্ন শ্লোগান দিয়ে বাড়ির সামনে পেট্রোল বোমা নিক্ষেপ করে চলে যায়।

মামলার বাদি তাওফিকুল ইসলাম বলেন, আমার প্রাণ নাশের হুমকি থাকায় এতোদিন মামলা দায়ের করতে পারিনি। মামলাটি আদালত খুশি হয়ে সরাসরি নথিভুক্ত করার নির্দেশ দিয়েছেন। আশা করি আমরা আদালতে ন্যায় বিচার পাবো।
মামলার বাদী পক্ষের আইনজীবী মারুফ আহমেদ বিজন বলেন, আমরা এর আগেও এই মামলাটি দায়ের করার চেষ্টা করা হয়েছে। কিন্তু পরিবেশ আনুকুলে না থাকায় মামলাটি দায়ের করা সম্ভব হয়নি। এখন পরিবেশ সৃস্টি হওয়ায় এই আলোচিত মামলাটি করা হয়েছে। আদালত সন্তুষ্ট হয়ে মামলাটি সরাসরি এফআইআরের নির্দেশ দিয়েছেন। আমরা আশা করছি আদালতে আমরা ন্যায় বিচার পাবো।

এদিকে তৎকালীন জেলা জামায়াতের আমীর আলহাজ্ব ছমির উদ্দিন বলেন, ফ্যাসিস্ট সরকারের সন্ত্রাসী বাহিনী আমার সন্তানকে নির্মমভাবে হত্যা করেছে। আমার বাড়ি ঘরে আগুন জালিয়ে দিয়েছে। এখন সময় এসেছে তাদের বিচারের মুখোমুখি করার।

[redacted]

[redacted]

মেহেরপুরে ব্যথিত সাংস্কৃতিক কর্মী ও শিল্পীদের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অর্থ প্রদান

মেহেরপুরে ব্যথিত সাংস্কৃতিক কর্মী ও শিল্পীদের উদ্যোগে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অর্থ প্রদান করা হয়েছে।

আজ সোমবার (৯ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা প্রশাসনের মাধ্যমে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল, হিসাব নং ০১০৭৩৩৩০০৪০৯৩ তে মেহেরপুর সোনালী ব্যাংক শাখা হতে ৬০,২১২/-(ষাট হাজার দুইশত বারো টাকা) জমা প্রদান করা হয়।

মেহেরপুরের সাংস্কৃতিক কর্মীদের পক্ষে বলা হয়েছে আমরা কয়েকজন ব্যথিত সাংস্কৃতিক কর্মী ও শিল্পীর এই ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে ‘পথ কনসার্ট’ কর্মসূচি আয়োজন করি। এই কর্মসূচি থেকে আমরা পাঁচটি স্থানে আমাদের সংগ্রহিত অর্থ যা মুজিবনগরের কেদারগঞ্জ ও কোমরপুর বাজারে ১৯,১০০+৬,৫১০, মেহেরপুরের আমঝুপি বাজার এবং শহরে ৭০০৫+১১,০৪০ ও গাংনী বাজার ১৬,৫৫৭= সর্বমোট ৬০,২১২ টাকা উত্তোলন করি। যা আজেকে মেহেরপুর জেলা প্রশাসনের মাধ্যমে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল, হিসাব নং ০১০৭৩৩৩০০৪০৯৩ তে মেহেরপুর সোনালী ব্যাংক শাখা হতে উত্তোলনকৃত টাকা জমা প্রদান করেছি।

এ পথ কনসার্ট কর্মসূচিতে সার্বিক ভাবে কাজ করেন অরণি থিয়েটারের সভাপতি ও অরণি চিলড্রেন্স থিয়েটারের প্রতিষ্ঠাতা নিশান সাবের, চ্যানেল আই ক্ষুদে গানরাজ প্রতিযোগিতার শিল্পী উদয়, শিল্পী ও কী-বোর্ড বাদক ওস্তাদ নান্টু সরকার, সাউন্ড সার্ভিস সহায়তা/ সাউন্ড ভিশন ফিরোজ, অক্টোপ্যাড বাদক আশিক, সংগীত শিল্পী পাপিয়া, জেসমিন, নাজেরা, আরিফ, লাইলী, কানন ও সুলতানা টনি।

[redacted]

“[redacted]”, “[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]:

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের সুপারিশে তৎকালীন পুলিশ সুপার কে এম নাহিদুল ইসলামের নির্দেশে মামলার অন্যান্য আসামিরা তারিককে আটক করে। তাৎক্ষনিক সাংবাদিকরা জানতে পেরে পুলিশ সুপারের কাছে বিষয়টি নিশ্চিত হলেও তারিকের স্ত্রী স্বামীর সন্ধানে পুলিশ সুপারের কাযার্লয়ে গেলে পুলিশ সুপার আটকের বিষয়ে অস্বীকার করেন। আটকের পর গোপনস্থানে রেখে তারিককে শারিরীক ও মানসিক নিযার্তন করে আসামিরা।

পরে রাত সাড়ে ১১ টার দিকে শহরতলী বামনপাড়া শ্বশান ঘাট এলাকায় কথিত বন্ধুকযুদ্ধের নামে একাধিক গুলি করে তাকে হত্যা করা হয়। পরদিন সকালে মেহেরপুর মর্গে থেকে ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে লাশ হস্তান্তর করে পুলিশ তবে ময়নাতদন্তের রিপোর্ট পরিবারের কাছে দেওয়া হয়নি এমনকি মামলা না করার জন্য বিভিন্ন ধরণের ভয়ভীতি ও হুমকি দেওয়া হয় এবং দ্রুত লাশ দাফনের নির্দেশ দেওয়া হয়।

চলতি বছরের ৫ই আগষ্ট গণঅভ্যুত্থানের পর দেশে ন্যায় বিচারের পরিবেশ সৃষ্টি হওয়ায় বাদি ন্যায় বিচারের লক্ষে আদালতে মামলা দায়ের করেন।

মুজিবনগরে গুডনেইবার্সের আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

বহুভাষিক শিক্ষার প্রচার পারস্পরিক বোঝাপড়া এবং শান্তির জন্য সাক্ষরতা” এই প্রতিপাদ্যে মুজিবনগরে পালিত হয়েছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস।

গতকাল রবিবার বিকেলে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, উপজেলার ভবেরপাড়ার সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুল অডিটরিয়ামে স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস পালন করা হয়।

স্বাক্ষরতা দিবসের অনুষ্ঠানে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন।

উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতি মালো, গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ, সিডিসি সভাপতি রেহেনা খাতুনসহ গুডনেইবারর্স এর কর্মকর্তা এবং স্কুলের শিক্ষকবৃন্দ।

গাংনীতে দুই শিক্ষকের বিরুদ্ধে প্রধান শিক্ষকের অভিযোগ

বিদ্যালয় আঙিনায় ধুমপান করতে নিষেধ করায় প্রধান শিক্ষককে লাঞ্ছিত ও হুমকি দিয়েছেন একই বিদ্যালয়ের দুই সহকারী শিক্ষক।

এঘটনায় বিচার ও জীবনের নিরাপত্তার দাবি জানিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দিয়েছেন প্রধান শিক্ষক বাকের আলী। ঘটনাটি গাংনী উপজেলার মটমুড়া মাধ্যমিক বিদ্যালয়ে ঘটেছে।

প্রধান শিক্ষক বাকের আলীর লিখিত অভিযোগে জানান গেছে, সহকারী শিক্ষক মোহাম্মদ শাহেদ মেহদাদ (ইনডেক্স নং ১০৫৩৩৩৫) ও মো: আরিফুর রহমান (ইনডেক্স নং ১১৪৪৪৬৯) বিদ্যালয় আঙিনায় যত্রতত্র দাঁড়িয়ে ধুমপান করে থাকেন।

বিষয়টি নিয়ে শিক্ষার্থীরা বিশেষ করে নারী শিক্ষার্থীরা বারবার অভিযোগ দেই। বিষয়টি আমি ওই দুই শিক্ষককে নিষেধ করার কারনে ক্ষিপ্ত হয়ে আমাকে অন্যান্য শিক্ষকদের সামনে অশ্রাব্য ভাষায় গালাগাল করেন। তারা দুজনে বলেন, সিগারেট সেবন আমাদের ব্যক্তিগত বিষয়। আমরা সিগারেট খাবো পারলে ঠেকাশ। আমরা যেভাবে স্কুল চালাবো সেভাবেই স্কুল চলবে। এছাড়া হুমকী দিয়ে বলেন, তুই বাসে চড়ে গাংনী যাবি কি করে আমি দেখে নেবো। তারা প্রায়ই আমার সাথে মারমুখী আচরণ করেন। দম্ভ করে বলে আমরা তোর আন্ডারে চাকুরী

করিনা। এছাড়া আমাকে প্রাননাশের হুমকী দেন। এই ঘটনার পর আমি মানুষিক ভাবে ভেঙ্গে পড়েছি। চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। দুই শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানান প্রধান শিক্ষক বাকের আলী।